

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স - ৪১০৪  
আগরতলা, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

লেঙ্গুছড়া গ্রাম পঞ্চায়েতে ৭টি মিনি  
ডিপটিউবওয়েল বসছে

বামুটিয়া ব্লকের লেঙ্গুছড়া গ্রাম পঞ্চায়েতে চতুর্দশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে পরিস্রুত পানীয় জলের সুবিধা পৌছে দেবার জন্য ৭টি মিনি ডিপটিউবওয়েল বসানো হবে। এর জন্য ১১ লক্ষ টাকা আর্থিক বরাদ্দ পাওয়া গেছে বলে সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে জানানো হয়েছে। এছাড়াও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ২টি রাস্তা ইট সলিং করা হবে। এর জন্য উল্লিখিত অর্থ কমিশনে বরাদ্দ পাওয়া গেছে ৩ লক্ষ ৫০ হাজার টাকা।

\*\*\*\*\*